

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:৮৫

আরবি মূল আয়াত:

وَ نَحنُ اَقرَبُ اِلَيهِ مِنكُم وَ لَكِن لَّا تُبصِرُونَ ﴿٨٨﴾

🗚 আনুবাদসমূহ:

আর তোমাদের চাইতে আমি তার খুব কাছে; কিন্তু তোমরা দেখতে পাও না। — আল-বায়ান আর আমি তোমাদের চেয়ে তার (অর্থাৎ প্রাণের) নিকটবর্তী, কিন্তু তোমরা দেখতে পাওনা। — তাইসিরুল আর আমি তোমাদের অপেক্ষা তার নিকটতর, কিন্তু তোমরা দেখতে পাওনা। — মুজিবুর রহমান

And Our angels are nearer to him than you, but you do not see - — Sahih International

৮৫. আর আমরা তোমাদের চেয়ে তার কাছাকাছি, কিন্তু তোমরা দেখতে পাও না।(১)

তাফসীরে জাকারিয়া

(৮৫) আর আমি তোমাদের অপেক্ষা তার অধিক নিকটতর, [1] কিন্তু তোমরা দেখতে পাও না। [2]

[1] অর্থাৎ, আমি স্বীয় জ্ঞান, ক্ষমতা ও দর্শন করার দিক দিয়ে তোমাদের চাইতেও বেশী মৃতের নিকটবর্তী। অথবা ভিত্র আমরা) বলতে আল্লাহর কর্মীবৃন্দ তথা মৃত্যুর ফিরিশতাদেরকে বুঝানো হয়েছে, যাঁরা মানুষের জান কবজ করেন।



[2] অর্থাৎ, অজ্ঞতার কারণে তোমাদের এই বোধটুকুও নেই যে, আল্লাহ তোমাদের গ্রীবাস্থিত ধমনী (ঘাড়ের শিরা) অপেক্ষাও বেশী নিকটে। অথবা জান কবযকারী ফিরিশতাকে তোমরা দেখতে পাও না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5064

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন